# বাংলা (BENGALI)

## (203)

## মূল্যায়ন পত্র (Assignment)

**পূর্ণমান : 20**

---

নির্দেশিকা : (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

(খ) উত্তর পত্রের প্রথম পৃষ্ঠার উপর দিকে স্পষ্টভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (AI) নাম্বার এবং বিষয় লিখুন।

**1.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60টি শব্দের মধ্যে লিখতে হবে) **2**

(ক) "ভারতীয় বিজ্ঞানীদের কাছে কুরি পরিবার সুপরিচিত।"—কুরি পরিবারের সদস্য কারা? ভারতের বিজ্ঞানের প্রতি কার কার (কুরি পরিবারের) অকৃত্রিম সহানুভূতি ছিল? ভারতীয়দের কাছে কুরিদের জীবনকাহিনী আদরনীয় কেন? (পাঠ 04 দেখুন)

(খ) 'জলসত্র' গল্পে জ্যৈষ্ঠ মাসের দুপুরবেলার যে বিবরণ লেখক দিয়েছেন তা আপনার নিজের ভাষায় লিখুন। (পাঠ 08 দেখুন)

(গ) "আস্ত একটা জীবনকে ঘরে আনা যাক
—একটুও যার ভাঙা নয়।"—'আস্ত একটা জীবন' বলতে কবি কী বুঝিয়েছেন? তাকে কীভাবে ঘরে আনা যাবে? 'ভাঙা নয়' বলতেই বা কবি কী বুঝিয়েছেন? (পাঠ 02 দেখুন)

(ঘ) 'একবার মাটির দিকে তাকাও/একবার মানুষের দিকে'—'মাটি' ও 'মানুষ' কে কবি এই কবিতায় কোন্ দৃষ্টিতে দেখেছেন লিখুন। (পাঠ 15 দেখুন)

**2.** যে কোন **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60টি শব্দের মধ্যে লিখতে হবে।) **2**

(ক) 'মনোহর চাটুজ্জে দেবীর কাছে তিন সত্যি করেছিলেন।'—কোন্ পরিস্থিতিতে মনোহর চাটুজ্জে তিন সত্যি করতে বাধ্য হয়েছিলেন? তিন সত্যি কী? তিনি কী প্রতিজ্ঞা করেছিলেন? (পাঠ 01 দেখুন)

(খ) স্নেহ দিয়ে ভালোবাসা দিয়ে কীভাবে শান্তির নীড় গড়ে তোলা যায়, 'ধ্বংস' গল্প অবলম্বনে আপনার অভিমত ব্যক্ত করুন। (পাঠ 05 দেখুন)

(গ) 'মধুহীন করো না গো তব মনঃ কোকনদে'—কার লেখা কবিতা? কবিতাটির নাম কী? 'কোকনদ' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? 'কোকনদ মধুহীন' না করার আত্মনিবেদন সম্পর্কে আপনার মতামত ব্যক্ত করুন। (পাঠ 10 দেখুন)

(ঘ) 'হাতেখড়ি'র পুরোনো সংখ্যাগুলিতে দেখছিলাম...'—'হাতেখড়ি' শব্দটির অর্থ কী? এখানে কী বোঝানো হয়েছে? কোন্ বিষয়ে এই পত্রিকা পড়ে লেখক উৎসাহিত হন লিখুন। (পাঠ 21 দেখুন)

**3.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60টি শব্দের মধ্যে লিখতে হবে।) **2**

(ক) 'মন্তর-পড়া তীর ব্যবহার করি নাই। যেটাতে নিশানি বিঁধলাম সেটা আমার নাতিটার তীর।'— চোট্টিমুণ্ডা কী সত্যি 'মন্ত্রপড়া তীর' ব্যবহার করতেন? তাঁর নিশানি বিঁধতে দেখে কী 'মন্ত্রপড়া তীর' মনে হয়েছে—আপনার মতামত লিখুন। (পাঠ 16 দেখুন)

(খ) ‘এই রেকর্ডখানা আমাদের দু’জনের সন্ধ্যাকেই আচ্ছন্ন করে রাখল।’—কোন্ রেকর্ডখানার কথা এখানে বলা হয়েছে? রেকর্ডের মধ্যে এমন কী সুর ছিল, যা শ্রোতাদের আকৃষ্ট করেছিল লিখুন।

(পাঠ 20 দেখুন)

(গ) “যে শিশু ভূমিষ্ঠ হল আজ রাত্রে/তার মুখে খবর পেলুন/সে পেয়েছে ছাড়পত্র এক...”—ছাড়পত্র কে পেয়েছে? নবজাতক কীভাবে তার অধিকার ব্যক্ত করে বলে আপনার মনে হয়? মুষ্টিবদ্ধ হাতে সে কী বোঝাতে চেয়েছে লিখুন। (পাঠ 26 দেখুন)

(ঘ) চলিত ভাষায় পরিবর্তন করুন :

(i) বহুদিন পরে পোস্টমাস্টার ক্ষীণ শরীরে রোগশয্যা ত্যাগ করিয়া উঠিলেন—মনে স্থির করিলেন, আর নয় এখান হইতে কোনোমতে বদলি হইতে হইবে।

(ii) প্রদত্ত শব্দগুলির তদ্ভব রূপ লিখুন :

রাত— ওঝা— চাঁদ— কানাই—

অথবা,

(i) ব্যাসবাক্য করে সমাসের নাম লিখুন :

শতাব্দী, জন্মান্ধ, বীনাপাণি, ডাক্তারবাবু

(ii) নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করুন :

সকালে এলে দেখা হবে। (জটিল বাক্যে পরিবর্তন করুন)

**4.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150টি শব্দের মধ্যে লিখতে হবে।) **4**

(ক) “ওরা কাজ করে/নগরে প্রান্তরে”—ওরা কারা? ওদের কাজের পরিচয় দিন? ইতিহাসের ধারায় বিশ্বকবি কীভাবে ওদের কাজকে বর্ণনা করেছেন (পাঠ 19 দেখুন)

(খ) “সর্বনাশ করলে—আমার সর্বনাশ করলে।”—কার উক্তি? কী সর্বনাশ হয়েছিল? কেন তিনি একে সর্বনাশ বলেছিলেন বলে মনে হয়—আপনার মতামত লিখুন। (পাঠ 17 দেখুন)

(গ) ভাবসম্প্রসারণ করুন :

সবার উপর মানুষ সত্য,
তাহার উপরে নাই।।

(ঘ) আপনার বন্ধু দূরশিক্ষার মাধ্যমে শিক্ষা গ্রহণ বিষয়ে জানতে চেয়েছেন, আপনি তাকে বিষয়টি একটি পত্রলিখনের মধ্য দিয়ে বিস্তারিতভাবে অবগত করান।

**5.** যে কোন **একটি** প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 100-150টি শব্দের মধ্যে লিখতে হবে।) **4**

(ক) “ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়”—কে নেচেছিল? ইন্দ্রের সভায় তার নাচার কারণ কী? ‘ছিন্ন খঞ্জনা’ বলা হয়েছে কেন? ছিন্ন খঞ্জনার সঙ্গো তাঁকে তুলনা প্রসঙ্গো আপনার অভিমত ব্যক্ত করুন। (পাঠ 13 দেখুন)

(খ) ‘মানুষ বড়ো কাঁদছে, তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও’—এখানে কোন্ ধরনের মানুষের কথা বলা হয়েছে? কেন মানুষ কাঁদছে? ‘মানুষ হয়ে’ কথাটি কেন কবি ব্যবহার করেছেন বলে আপনার মনে হয়।

(পাঠ 24 দেখুন)

(গ) প্রদত্ত প্রবাদ প্রবচনগুলি যথার্থ বাক্যে পরিণত করুন :

(i) চাঁদের হাট (ii) উলুবনে মুক্তো ছড়ানো

(iii) কানপাতলা (iv) গোড়ায় গলদ (পাঠ 22 দেখুন)

(ঘ) প্রদত্ত অংশটির সারসংক্ষেপ করুন :

প্রাকৃতিক নিয়মে মৃত্যুই হল সকল জীবের জীবনের শেষ পরিণাম। কিন্তু প্রাকৃতিক নিয়মানুসারে যে মৃত্যু সেই মৃত্যুর মধ্যে কোনোরকম মাহাত্ম্য বা গৌরব নেই। যদি কোনো মহৎকর্ম বা পরোপকারের মাধ্যমে কেউ নিজের জীবন উৎসর্গ করেন, তবে ভবিষ্যতের চোখে সেই মানুষটিই হয়ে ওঠেন মানব প্রেমিক যাকে সকলেই মনে রাখে, সম্মান করে। সবদেশে, সবকালেই এক ধরণের মানুষ আছেন যাঁরা সংকীর্ণ আত্মসুখের গণ্ডি অতিক্রম করে নিঃস্বার্থভাবে মহৎ উদ্দেশ্যে আত্মোৎসর্গ করেন। 'জীবনমূল্য আয়ুতে নয়, কল্যাণ পূত কর্মে'—এই সত্যই তাঁরা প্রতিপন্ন করেন।

**6.** যে কোন **একটি** প্রকল্প রচনা করুন। (উত্তর 500 শব্দের মধ্যে লিখতে হবে।) **6**

(ক) মানুষের বিজ্ঞান নির্ভরতা ও তার সংকট :

প্রাক্‌কথন—বিজ্ঞানের অবদান—সংকটের স্বরূপ—সংকট প্রতিকারের চিন্তা—শেষকথন

(খ) বিশ্ব যোগদিবস

যোগ সম্পর্কে ধারণা—যোগের উৎপত্তি—বিশ্ব যোগদিবসের প্রেক্ষাপট—আন্তর্জাতিক দিবসের উদ্‌যাপন—যোগ-ব্যায়ামের উপকারিতা সম্পর্কে আলোচনা—নিজস্ব অভিজ্ঞতা।

(গ) ছাত্রজীবনে মূল্যবোধের প্রয়োজনীয়তা :

সূচনা—মূল্যবোধ কী?—জীবনে মূল্যবোধের গুরুত্ব—মূল্যবোধের শিক্ষা—বিষয়সুচির নিরিখে নিজস্ব মতামত।

(ঘ) প্রাত্যহিক জীবনে জল :

সূচনা—পৃথিবীতে জলের ভাণ্ডার ও তার সংকট—জীবজগতে জলের প্রভাব—দৈনন্দিন জীবনে জল—আপনার মতামত।